অনলাইন নিবন্ধন পেল ‘মেহেরপুর প্রতিদিন’

খুলনা বিভাগের জেলা গুলোর মধ্যে প্রথম অনলাইন নিউজ পোর্টাল হিসেবে নিবন্ধন পেল মেহেরপুর প্রতিদিন (www.meherpurpratidin.com) ।

আজ বুধবার ১২ এপ্রিল তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রেস ১ শাখার উপসচিব মুহাম্মদ মকবুল হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। যার স্মারক নম্বর-১৫.০০.০০০০.০১৯.২২.০১৯.২২-১০৩।

একই বিজ্ঞপ্তিতে ঢাকা থেকে প্রকাশিক ‘প্রতিদিনের বাংলাদেশ’ ও ‘দৈনিক যায় যায় কাল’ নামের দুটি অনলাইনও নিবন্ধন পেয়েছে।

নিবন্ধন পেয়ে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, মেহেরপুর প্রতিদিনের প্রিন্ট ভার্সন মেহেরপুরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলে পাঠকপ্রিয়তা অর্জন করেছে তার বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে। একই ভাবে আজ আমরা অনলাইনের নিবন্ধন পেলাম। এখন থেকে মেহেরপুর প্রতিদিন অনলাইন ভার্সনও নতুন মাত্রা যোগ হবে।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস বলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনপ্রিয় দৈনিক মেহেরপুর প্রতিদিন খুলনা বিভাগের জেলা গুলোর মধ্যে প্রথম অনলাইন নিউজ পোর্টাল হিসেবে নিবন্ধন পেলো। পত্রিকাটির অনলাইন মাধ্যমও পাঠকের কাছে জনপ্রিয় হয়ে উঠবে বলে প্রত্যাশা করি।